

- আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- ২। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রার্থীদের ন্যূনতম CGPA ৩.৭০ বা সমমান (সনাতন পদ্ধতির ৭০% নম্বর) থাকতে হবে এবং এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় CGPA ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ থাকতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে Non Attainable CGPA শিথিল করা যেতে পারে।
 - ৩। আবেদনপত্রের সাথে “রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” -এর বরাবরে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষক ও কর্মকর্তা পদসমূহের জন্য ৫০০/= (পাঁচশত) টাকা এবং কর্মচারী পদের জন্য ২০০/- (দুইশত) টাকার রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিঃ -এর ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
 - ৪। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
 - ৫। উল্লেখিত পদসমূহে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ : ২৩/০৬/২০১৯ খ্রিঃ। উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয় আগামী ৩০/০৫/২০১৯ তারিখ হতে ১৪/০৬/২০১৯ তারিখ পর্যন্ত পবিত্র ঈদ-উল-ফিতর ও গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষে বন্ধ থাকবে, বিধায় উক্ত সময়ে আবেদনপত্র গ্রহণ এবং ফরম বিতরণ করা হবে না।
 - ৬। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে। তবে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের জন্য অনুপার্জিত (Non-attainable) শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী / বিভাগ) শিথিল করা যেতে পারে।
 - ৭। বিভাগীয় দক্ষ প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা যেকোন একটি শিথিলযোগ্য হবে।
 - ৮। অভিজ্ঞতার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের জন্য অনুমোদিত বিধিমালা মোতাবেক প্রদত্ত চাকুরীকাল গণনার নীতিমালা অনুসরণ করা হবে।
 - ৯। সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকবে।
 - ১০। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত নীতিমালার অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।
 - ১১। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ করা যেতে পারে যে, পদের সংখ্যা প্রয়োজনবোধে বাড়তে বা কমতে পারে।
 - ১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি, এ / ডি, এ প্রদান করা হবে না।
 - ১৩। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ৫০৬৫/৫০

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঃ
২২ মে, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান :-

- ১। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল হল প্রভোস্ট/ শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহকারে।
- ৪। উপ-পরিচালক (জনসংযোগ), অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লেখিত বিজ্ঞপ্তিটি আগামী ২/১ দিনের মধ্যে জাতীয় পত্রিকায় প্রচারের (সর্বোচ্চ ৩' x ৩') ব্যবস্থা গ্রহণের অনুরোধসহকারে।
- ৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।
- ৭। নথি।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়